

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৩৩

১/ বিবিধ

আরবী

من نظر في الدنيا إلى من هو دونه، ونظر في الدين إلى من هو فوقه كتبه الله صابرا  
وشاكرا، ومن نظر في الدنيا إلى من هو فوقه وفي الدين إلى من هو دونه لم يكتبه الله  
صابرا ولا شاكرا  
لا أصل له بهذا اللفظ

وإن أوردته الغزالي (4 / 108) وعزاه الحافظ العراقي للترمذي من حديث عبد الله بن  
عمرو، فإن الترمذي إنما رواه (3 / 320) من طريق المثني بن الصباح عن عمرو بن  
شعيب عن أبيه عن جده بلفظ

" خصلتان من كانتا فيه كتبه الله شاكرا صابرا، ومن لم تكن فيه لم يكتبه الله شاكرا  
ولا صابرا: من نظر في دينه إلى من هو فوقه فاقتدى به، ومن نظر في دنياه إلى من هو  
دونه فحمد الله على ما فضله به عليه كتبه الله شاكرا صابرا، ومن نظر في دينه إلى  
من هو دونه، ونظر في دنياه إلى من هو فوقه فأسف على ما فاته منه لم يكتبه الله  
شاكرا ولا صابرا ". وضعفه الترمذي بقوله: " هذا حديث غريب

وعلته المثني هذا، قال العراقي: " ضعيف ". وسكت عليه الحافظ في " الفتح " (11 /  
27) وهذا يدل على أن ما يسكت عنه الحافظ في هذا الكتاب ليس حسنا دائما خلافا  
لظن بعضهم.

ويغني عن هذا الحديث قوله صلى الله عليه وسلم: " انظروا إلى من هو أسفل منكم،  
ولا تنظروا إلى من هو فوقكم، فإنه أجدر أن لا تزدروا نعمة الله عليكم ". رواه مسلم

## والترمذي وصححه، وهو عند البخاري (10 / 270) نحوه

বাংলা

৬৩৩। যে ব্যক্তি দুনিয়াবী বিষয়ে তার নিম্ন পর্যায়ের ব্যক্তির দিকে দৃষ্টি দিবে আর দ্বীনের ব্যাপারে তার উপর স্তরের ব্যক্তির দিকে দৃষ্টি দিবে আল্লাহ তাকে ধৈর্যশীল এবং শুকুরগুজার হিসাবে লিপিবদ্ধ করবেন। যে ব্যক্তি দুনিয়াবী বিষয়ে তার উচ্চ স্তরের ব্যক্তির দিকে দৃষ্টি দিবে আর দ্বনী ব্যাপারে তার নিম্ন স্তরের ব্যক্তির দিকে দৃষ্টি দিবে আল্লাহ তাকে ধৈর্যশীল এবং শুকুরগুজার হিসাবে লিপিবদ্ধ করবেন না।

এ ভাষায় হাদীছটির কোন ভিত্তি নেই।

এটি গাযালী “আল-ইহইয়া” (৪/১০৮) গ্রন্থে উল্লেখ করেছেন। হাফিয ইরাকী বলেনঃ তিরমিযী বর্ণনা করেছেন। তিরমিযী মুছান্না ইবনু সাবাহ সূত্রে (৩/৩২০) আমর ইবনু শু'আয়িব হতে তিনি তার পিতা হতে তিনি তার দাদা হতে বর্ণনা করেছেন। তবে ভাষায় পার্থক্য রয়েছে।

এ হাদীছটি গারীব-এ কথা গুলার মাধ্যমে তিরমিযী এটিকে দুর্বল আখ্যা দিয়েছেন।

তার সমস্যা হচ্ছে মুছান্না। হাফিয ইরাকী বলেনঃ তিনি দুর্বল।

এ দুর্বল হাদীছ হতে আমরা রিপাদে থাকতে পারি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে সাব্যস্ত হওয়া নিম্নোল্লিখিত সহীহ হাদীছ দ্বারাঃ

انظروا إلى من هو أسفل منكم، ولا تنظروا إلى من هو فوقكم، فإنه أجدر أن لا تزدروا نعمة الله عليكم

তোমরা তোমাদের নিচু স্তরের ব্যক্তির দিকে দৃষ্টি দাও, তোমাদের উপরের স্তরের ব্যক্তির দিকে দৃষ্টি দিও না। কারণ তোমাদের কর্তব্য হচ্ছে এই যে, তোমাদের উপর আল্লাহর দেয়া নেয়ামাতকে অবহেলা করবে না।

হাদীছটি ইমাম মুসলিম ও তিরমিযী বর্ণনা করে বলেছেনঃ এটি সহীহ। ইমাম বুখারীও অনুরূপ হাদীছ বর্ণনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71512>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন